# প্রধানমন্ত্রীকে নিয়ে ‘অশালীন’ বক্তব্য আদমজী কলেজ থেকে বহিষ্কারের মুখে সিফাত



ছবি: সংগৃহীত

ফেসবুকে প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও সরকারকে নিয়ে ‘অশালীন’ ও ‘কুরুচিপূর্ণ’ বক্তব্য দেওয়ার অভিযোগে আদমজী ক্যান্টনমেন্ট কলেজের শিক্ষার্থী মো. আব্দুল্লাহ সিফাতকে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দেওয়া হয়েছে। তাকে কেন কলেজ থেকে বহিষ্কার অথবা ছাড়পত্র দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে।

গত ৬ সেপ্টেম্বর কলেজের অধ্যক্ষের পক্ষে অধ্যাপক ড. নিলুফা আহসানের সই করা নোটিশে এ তথ্য জানানো হয়। এতে সিফাতকে তিন কর্মদিবসের মধ্যে লিখিতভাবে কারণ জানাতে বলা হয়েছে।

নোটিশ অনুযায়ী, মো. আব্দুল্লাহ সিফাত (আইডি নং- ৪১০২১০৪৬) কলেজের বিবিএ অনার্স (ব্যবস্থাপনা) বিভাগের চতুর্থ বর্ষের (শিক্ষাবর্ষ ২০২১-২০২২) শিক্ষার্থী। গত ৩ সেপ্টেম্বর নিজের বাসার বিদ্যুৎ বিলের অসামঞ্জস্যতা নিয়ে ফেসবুকে বর্তমান সরকারের প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী ও সরকারকে উদ্দেশ করে অশালীন ভাষায় বক্তব্য দেওয়ার অভিযোগ ওঠে। পরে বক্তব্যটি ফেসবুক পেজে ভাইরাল হয় বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA

নোটিশে বলা হয়, আদমজী ক্যান্টনমেন্ট কলেজ সেনাবাহিনী নিয়ন্ত্রিত একটি ঐতিহ্যবাহী ও সুশৃঙ্খল শিক্ষাপ্রতিষ্ঠান। শিক্ষা, শৃঙ্খলা ও নৈতিকতার আলোকে শিক্ষার্থীদের সুনাগরিক হিসেবে গড়ে তোলাই প্রতিষ্ঠানটির লক্ষ্য। কোনো শিক্ষার্থী শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে জড়ালে নীতিমালা অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার বিধান রয়েছে।

এ ধরনের কর্মকাণ্ডকে একজন শিক্ষার্থীর জন্য অশোভনীয়, অনভিপ্রেত, অনাকাঙ্ক্ষিত ও অপরাধ হিসেবে উল্লেখ করা হয়েছে। এতে কলেজের সুনাম ক্ষুণ্ন হওয়ার পাশাপাশি শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা বিব্রত হয়েছেন বলেও নোটিশে বলা হয়।

কলেজের স্থায়ী পরিচালনা নীতিমালার অধ্যায় ৯-এর অনুচ্ছেদ ৯.৮-এর ক্রমিক ৮ উল্লেখ করে নোটিশে বলা হয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যমে আপত্তিকর মন্তব্য করলে অপরাধের গুরুত্ব অনুযায়ী শিক্ষার্থীকে বহিষ্কার অথবা ছাড়পত্র দেওয়ার বিধান রয়েছে।

এ অবস্থায় মো. আব্দুল্লাহ সিফাতকে তিন কর্মদিবসের মধ্যে কলেজ কর্তৃপক্ষের কাছে যথাযথ কারণ জানাতে বলা হয়েছে—কেন তার বিরুদ্ধে বহিষ্কার অথবা ছাড়পত্র দেওয়ার মতো ব্যবস্থা নেওয়া হবে না।